তারিখ
পৃষ্ঠা

# পাঠ্যবইয়ের দাবিতে চট্টগ্রামে স্কুল ধর্মঘট পালিত

চট্টগ্রাম ব্যুরো

অবিলম্বে প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের ছাত্রছাত্রীদের পাঠ্যবই দেয়া, শিক্ষা নিয়ে ব্যবসা বন্ধসহ দুর্নীতিমুক্ত স্কুল টেক্সট বুক বোর্ড গঠনের দাবিতে ছাত্রমৈত্রীর ডাকা দেশব্যাপী স্কুল ধর্মঘটের অংশ হিসাবে চট্টগ্রামের স্কুলগুলোতেও গতকাল শনিবার ধর্মঘট পালিত হয়েছে। এ উপলক্ষে বাগমনিরাম স্কুল থেকে ছাত্রদের একটি মিছিল নিউমার্কেট, শহীদ মিনারসহ নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে প্রেসক্লাবের সামনে এক সমাবেশে মিলিত হয়।

এ সমাবেশে নাসির উদ্দীন আহমেদ নাসু, সুপায়ন বড়ুয়া, কায়ছার আলম প্রমুখ বক্তব্য রাখেন।

### প্রাক্তন পুনর্মিলনী

চট্টগ্রাম এমএ আজিজ স্টেডিয়ামে আগামী ২৬ জানুয়ারি থেকে শুরু হচ্ছে চট্টগ্রাম কলেজ প্রাক্তন ছাত্রছাত্রীদের দুই দিনব্যাপী পুনর্মিলনী অনুষ্ঠান। গতকাল শনিবার প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচির কথা ঘোষণা করা হয়। দুই দিনব্যাপী অনুষ্ঠানসূচির মধ্যে রয়েছে আলোচনা, স্মৃতিচারণ, ভোজ ও কনসার্ট। এর জন্য বাজেট বরাদ্দ করা হয়েছে ১৫ লাখ টাকা। পুনর্মিলনী অনুষ্ঠানে চট্টগ্রাম কলেজের প্রাক্তন ছাত্র, বর্তমান ও বিগত সরকারের একাধিক মন্ত্রী, সেনাবাহিনী প্রধান, দেশের বিশিষ্ট কয়েকজন অর্থনীতিবিদসহ সমাজ ও রাষ্ট্রীয়

পালিত : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

## পালিত : স্কুল ধর্মঘট

(শেষ পৃষ্ঠার পর) পর্যায়ে প্রতিষ্ঠিত ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন পুনর্মিলনী কমিটির আহ্বায়ক মোফাচ্ছেল আহমেদ চৌধুরী, সংগঠনের সাধারণ সম্পাদক সেলিম জাহাঙ্গীর, সহ-সভাপতি একেএম ফজলুস ছোবহান চৌধুরী, যুগ্ম সম্পাদক এমএ তাহের প্রমুখ।

### ছাত্রঐক্যের সাংবাদিক সম্মেলন

সর্বদলীয় ছাত্রঐক্য বিএনপি নেতা এম মোর্শেদ খান ও শাহজাহান চৌধুরীসহ সংগঠনের নেতাকর্মীদের বিরুদ্ধে জননিরাপত্তা আইনে দায়ের করা মামলা প্রত্যাহার এবং আটক নেতাকর্মীদের মুক্তির দাবি জানিয়েছে। এ দাবিতে তারা ১০ ফেব্রুয়ারি কেন্দ্রীয় ছাত্রনেতাদের উপস্থিতিতে লালদীঘিতে ছাত্র মহাসমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে।

গতকাল শনিবার সকাল ১১টায় এ্যানসেল ম্যানশনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ছাত্রঐক্যের নেতারা এ কর্মসূচি ঘোষণা করেন। এতে লিখিত বক্তব্য পাঠ করেন নগর ছাত্রদল নেতা নাজিমুর রহমান। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্রঐক্য নেতা মাহবুবুর রহমান শামীম, মজিবুর রহমান মঞ্জু, এএম ইউসুফ, জাহাঙ্গীর আলম দুলাল, নাসির উদ্দিন সিদ্দিকী।